



নৌ উপ ভান্ডার ঢাকা
নামাপাড়া, খিলক্ষেত
ঢাকা ১২২৯

ফোনঃ ৭৯১২৩৯৫, বর্ধিত-৪০০০
E-Mail: oicnssd@navy.mil.bd

সরকারি নিলামকারী নিয়োগের দরপত্র আহ্বান

- ১। ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত নৌ উপ ভান্ডার ঢাকায় বাংলাদেশ নৌবাহিনীর ব্যবহৃত বিভিন্ন প্রকার অকেজো সামগ্রী ও অকেজো পুরাতন গাড়ির প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী সরকারী নিলামকারী প্রতিষ্ঠান হতে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ২৬ জুন ২০২৪ তারিখ বেলা ১২০০ ঘটিকার মধ্যে নৌ উপ-ভান্ডার ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে। নিলামকারী নিয়োগের আবেদনপত্র টেন্ডার খোলার পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময় টাকা ৩০০/০০ (টাকা তিনশত মাত্র) এর বিনিময়ে সংগ্রহ করা যাবে। দরপত্র ২৬ জুন ২০২৪ বেলা ১২০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। এতদসংক্রান্ত প্রয়োজনীয় নিলামকারী নিয়োগের আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর সচিবালয়ে অফিস চলাকালীন সময় পাওয়া যাবে। প্রথম বার ২৬ জুন ২০২৪ তারিখ প্রয়োজন মোতাবেক কোটেশন পাওয়া না গেলে দ্বিতীয় বার ০২ জুলাই ২০২৪ তারিখ এবং উক্ত তারিখে প্রয়োজন মোতাবেক কোটেশন পাওয়া না গেলে তৃতীয়বার ০৮ জুলাই ২০২৪ তারিখে একই সময় টেন্ডার খোলা হবে।
- ২। আগ্রহী দরপত্র প্রদানকারী কর্তৃক নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই দরপত্রের সাথে দাখিল করতে হবে।
- ক। ট্রেড লাইসেন্স (নবায়নকৃত) এর সত্যায়িত ফটোকপি।
 - খ। সরকারী নিলামকারী হিসেবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সনদপত্র।
 - গ। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
 - ঘ। নৌ উপ-ভান্ডার ঢাকার অনুকূলে ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র) এর পে-অর্ডার (ফেরৎযোগ্য)।
 - ঙ। হালনাগাদ আয়কর সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - চ। নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ছ। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
 - জ। সংশ্লিষ্ট থানা কর্তৃক নিরাপত্তা সনদপত্র।
 - ঝ। নিয়োগ প্রাপ্ত নিলামকারীকে নিলামের কমপক্ষে ১৪ দিন পূর্বে দুটি বহুল প্রচারিত পত্রিকায় ০৩ কলাম x ০৬ ইঞ্চি সাইজের নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।
- ৩। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য করা হবে।
- ৪। চূড়ান্তভাবে বিবেচিত প্রতিষ্ঠানকে টাকা ৫০,০০০/০০ (টাকা পঞ্চাশ হাজার মাত্র) এর ব্যাংক ড্রাফট নৌ উপ ভান্ডার ঢাকা (NSSD Dhaka miscellaneous fund, Sonali Bank Ltd, NHQ Branch, A/C No-01214-434064659, Routing No-200263434) এর অনুকূলে নিরাপত্তা জামানত হিসাবে রাখতে হবে।
- ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

এম মহিউদ্দীন
কমান্ডার বিএন
ভারপ্রাপ্ত কর্মকর্তা
নৌ উপ ভান্ডার ঢাকা

সীমিত